


# OFFICIAL LYRICS
# E-BOOK

OWNEDTHEBAND.COM
FACEBOOK.COM/OWNEDTHEBAND

# বিষন্ন প্রহর

LYRICS - WAES BIN A WAHID

যখন তোমার বিনিদ্র সময়ে
নিরবে গোমড়া মুখে বসে আছো
যখন তোমার অসহায় বেদনায়
অঝোরে অবিরত ধারায় তুমি কেঁদেছ

আজ এই বিষন্ন সময় জেগে উঠে
দুঃস্বপ্ন হয়ে সাজে ব্যথায় পিছু ফিরে

তবুও সময়ের সঙ্গী আমি
থাকি দুঃসময়ে পাশে
স্নেহের পরশে উদ্বেগের ছাপ সরাই
সুখের গল্প বলি হেঁসে

# ভাবান্তর

LYRICS - A.K. SAMEE



ভেবে দেখ স্বপ্ন
কত ভেঙ্গেছ
কি ছিলাম আর কি
হয়ে গেল
আশা গুলো কেরে নিয়েছ
চলে গেলে সব মুছে দিয়ে

সরে দাঁড়াও চাই না তোমার
কোন ছায়া
কি পেয়েছো বুঝি না
লুকিয়ে ফেল নিজেকে কোন
অন্ধ ছায়ায়
কি পেয়েছো বুঝি না

# সময়ের শেষে

LYRICS - ZAKIR HOSSAIN


হার মানো সভ্য তারা
যখন ঘুমিয়ে গেল
ডেকো আমায় সুস্থ মনে
সব মানুষ উষ্ণ চিন্তায় ডুবে গেল
এই হল আমাদের সমাজ

হারিয়েছি আজ আমরা নিজেদের
নিচ সত্তার সম্মানে
অন্ধ পরিহাসে

স্বপ্ন কি স্বপ্ন মিথ্যে
অতীতের কাছে যেতে চেয়ে
তোমাদের মিথ্যে আশা নিয়ে
হারালে কোথায়
যে আশা স্বপ্নে দেখেছিল আমায়

ব্যর্থ সব স্বপ্ন তোমাদের
আঁকড়ে ধরে রাখে আমায়

দেখ তুমি আমরা অপেক্ষায়
ফিরে আসবে সভ্য মানুষ




# প্রাপ্তি

LYRICS - ZAKIR, FASIH, PRITOM

অপরাধ তোমারই
ছিল অযোগ্য ক্ষমার
নিকৃষ্ট অন্ধ মনে
বায়ান্নর শাসক ধরবে

অশুভ চেতনা
হার মানায় তোমায়
তাকিয়ে দেখ
ব্যর্থ আবার

পেছনে ফেরার ব্যর্থতা
ঘিরে রাখবে তোমায়
সামনের বাঁধা অপেক্ষায়
ফিরে আসবে



# নিরুদ্দিষ্ট

LYRICS - FASIHUDDIN AHMED



হারানো আমি আমাকে
রক্ষা কর
এই জগতের নই আমি

হারিয়ে কেন আমি
খুঁজি আমার ঠিকানা
নতুন দিনের নতুন আমি
গন্তব্যর আশায়

আমাকে বল হাঁটছি আমি
কোন পথের শেষে
দেখ না কেন এই
অসহায় আমি

কেউ শোনো না কি
অচেনা আমি এই জগতের
পথের শেষে খুঁজে
পেতে পারি আমার
হারানো পথ গুলো

# বিয়োগ

LYRICS - FASIHUDDIN AHMED

তারা মিলবে না দেখ ঘুরে
অন্ধকারে
কেন যে একা এই
দিনবদলে


সব মুছে দিয়ে
আশীর্বাদে
মুখোশ খুলে
আমার মনের

তোমাদেরই  রেখে দেওয়া
পথে
হেঁটে চলি এক অজানার
খোঁজে
ফিরে পাব যা ছিল আমাদের
কত অপেক্ষায়
রেখে যাব কথা তোমাদের
আজ হারিয়ে

চাই না আমি আর থাকতে
তোমাদের মাঝে
টেনে নিও আমাকে অনেক দূরে

# লেবাশ

LYRICS - WAES BIN A WAHID



চারিদিকের সহস্র কলরবে
মানুষের নৈমত্তিক বসবাস
বসতের আড়ালে গড়ে
তুচ্ছ কড়াল গ্রাস

নষ্ট প্রবৃদ্ধির নিকৃষ্ট পরিচয়ে
মানুষের জীবনযাপন
ধসে যাওয়া দেহ বেরিয়ে যাচ্ছে
দেখ মুখোশ উন্মোচন

যেন ধর্ম মানে যেন তন্ত্র মানে
পড়ে শরীরে লেবাশ
আড়ালে করে উচ্ছ্বাস

যেন সে স্পষ্টভাষী
শুভ্র সরল মনা মানুষ
প্রকৃত অর্থে রচনা হল
আঁধারের ফানুস


# অস্বীকার

LYRICS - FASIHUDDIN AHMED

আমায় মনে রাখো কি
নিচে তাকিয়ে দেখ কি
নিরব এক অজানায়
এঁকেছ তুমি আমাদের

ইচ্ছে করে উড়ে যাই একা
সেই অজানায়
ডানা মেলে সব বাধা ফেলে
হারিয়ে যাই

এবার তুমি দেখনি
কত অপেক্ষায় সবই
মেনে যাই কে আমি
সুখের আশায়
আমি যাই কোথায়
দেখব তোমায়



# ELECT

LYRICS - WAES BIN A WAHID

সত্য কিছু পাবার জন্য
যদি তুমি তা চাও
সৎ ভাবে সত্যের মত করে
যদি চাও হৃদ্য কণ্ঠে

পারো যদি তোমার অন্তর আত্মাটাকে
সেই দিনে অবিরত নিবেদিত রাখতে

তবে মানুষ তুমি মনে রেখ
এই কথাটা একটু মনোযোগে
তোমার সব চাওয়া হবে পরিপূরণ
ফিরবে না কখনও খালি হাতে

সৎ থেকে যদি তুমি সত্যকেই পাও
তবে তার প্রতিফলন
হউক না একটু দেরিতে
তুমি তো রয়ে যাবে আলোতে